

# ১২ দিন পরীক্ষা না নেওয়ার নির্দেশ শিক্ষা মন্ত্রণালয়ের

অনলাইন ডেক্স



শিক্ষা মন্ত্রণালয়

বিভিন্ন ধর্মীয় উৎসবের কারণে আগামী ২৮ সেপ্টেম্বর থেকে ৯

অক্টোবর পর্যন্ত ১২ দিন সব শিক্ষাপ্রতিষ্ঠানে কোনো পরীক্ষার দিন

ধার্য না করার জন্য নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

বুধবার (২৪ সেপ্টেম্বর) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে এ

সংক্রান্ত নির্দেশনা জারি করা হয়েছে।

এতে বলা হয়, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

বিভাগের সরকারি কলেজ-৪ শাখা, সরকারি মাধ্যমিক-১ শাখা

থেকে শিক্ষাপ্রতিষ্ঠানের ২০২৫ সালের (১৪৩১-১৪৩২ বঙ্গাব্দ)

বাস্তরিক ছুটির তালিকা প্রণয়ন করা হয়।

তালিকায় দুর্গাপূজা, বিজয়া দশমী, ফাতেহা-ই-ইয়াজদাহম,

প্রবারণা পূর্ণিমা ও লক্ষ্মীপূজা উপলক্ষে ২৮ সেপ্টেম্বর থেকে ৯

অক্টোবর পর্যন্ত ১২ দিন অবকাশকালীন ছুটি অনুমোদন করা

হয়েছে।

এতে আরো বলা হয়, আসন্ন দুর্গাপূজা, বিজয়া দশমী, ফাতেহা-ই-

ইয়াজদাহম, প্রবারণা পূর্ণিমা ও লক্ষ্মীপূজা উৎসবমুখর পরিবেশে

এবং যথাযথ ভাবগান্তীর্যের সঙ্গে উদযাপনের নিমিত্ত আগামী ২৮

সেপ্টেম্বর তারিখ থেকে ৯ অক্টোবর পর্যন্ত ১২ দিন সব

শিক্ষাপ্রতিষ্ঠানে কোনোরূপ পরীক্ষার দিন ধার্য না করার জন্য

নির্দেশ দেওয়া হলো।